# এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

## যশোর বোর্ড – ২০১৭

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

**বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)**

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[ বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের পূর্ণমান ১০।)

### ক - বিভাগ

১। স্টার কোম্পানি লিমিটেড এর রেওয়ামিল নিম্নে দেয়া হল :

রেওয়ামিল, ৩১ ডিসেম্বর, ২০১৬

| হিসাবের নাম | টাকা | টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ৫,০০,০০০ | ১২,৫০,০০০ |
| যন্ত্রপাতি | ৭,০০,০০০ | |
| দালান কোঠা | ১,২৫,০০০ | |
| মজুদ পণ্য (১.১.১৬) | ২,০০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২,০৫,০০০ | ২,৩০,০০০ |
| ঋণ হিসাব | | ৪০,০০০ |
| বেতন ও অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৭০,০০০ | ১০,০০০ |
| বিজ্ঞাপন | ২৫,০০০ | |
| বহিঃপরিবহন | ১০,০০০ | |
| মজুরি ও বকেয়া মজুরি | ১,৫০,০০০ | ১০,০০০ |
| অফিস ভাড়া | ৪৫,০০০ | |
| হাতে নগদ ও ব্যাংক জমা | ৭৫,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ২৫,০০০ |
| শেয়ার মূলধন (১০ টাকা মূল্যের ৬০,০০০ শেয়ার) | | ৬,০০,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ৬০,০০০ | |
| | ২১,৬৫,০০০ | ২১,৬৫,০০০ |

**অন্যান্য তথ্যাবলি ঃ** i) সমাপনি মজুদ পণ্যের মূল্য ২,১০,০০০ টাকা যার মধ্যে ১০,০০০ টাকা মূল্যের পণ্য অন্তর্ভুক্ত রয়েছে যা বিক্রয় করা হয়েছে। কিন্তু এখন ক্রেতাকে সরবরাহ করা হয়নি। ii) প্রাপ্য হিসাবের ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে। iii) সাধারণ সঞ্চিতি তহবিলে ২৫,০০০ টাকা স্থানান্তর করতে হবে। iv) যন্ত্রপাতি ও দালান কোঠার ওপর যথাক্রমে৫% ও ১০% হারে অবচয় ধার্য করতে হবে। v) বেতন বকেয়া আছে ২,০০০ টাকা এবং ভাড়া অগ্রিম প্রদত্ত হয়েছে ৪,০০০ টাকা।

ক) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর

খ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের মোট লাভ ৬,০০,০০০ টাকা ধরে নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর।

গ) ২০১৬ সালের ৩১ তারিখের মোট সম্পদ ও চলতি দায় নির্ণয় কর।

**উত্তর :** (ক) ৬,৫০,০০০ টাকা। (খ) নিটলাভ ৩,৮৮,০০০ টাকা। (গ) ১২,৯৫,০০০ টাকা ও ২,৪২,০০০ টাকা।

২। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে নাজনীন লিঃ এর রেওয়ামিল নিম্নে প্রদত্ত হল :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৬

| হিসাবের নাম | টাকা | টাকা |
|---|---|---|
| প্রাপ্য বিল | ১৬,০০০ | |
| মজুদ পণ্য (১.১.১৬) | ৬০,০০০ | |
| বেতন | ৮,০০০ | |
| মজুরি | ১০,০০০ | |
| যন্ত্রপাতি | ১,২০,০০০ | |

গ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর।

Teachingbd.com

| | | |
|---|---|---|
| সাধারণ শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ার) | | ১,০০,০০০ |
| ১০% অগ্রাধিকার শেয়ার(প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০০ শেয়ার) | | ৫০,০০০ |
| নিষ্কর সম্পত্তি | ৪০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৭২,০০০ | ২০,০০০ |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ১,১৫,০০০ | ১,৮৪,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ২০,০০০ |
| ফেরত | ৮,০০০ | ৬,০০০ |
| আমাদানি শুল্ক | ১৯,০০০ | |
| রক্ষিত আয় (১.১.১৬) | | ৯৬,০০০ |
| প্রাপ্য কমিশন | ৮,০০০ | |
| | ৪,৭৬,০০০ | ৪,৭৬,০০০ |

**সমন্বয়সমূহ :** i) সমাপনি মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৬০,০০০ টাকা। ii) দেনাদারের ওপর ১০% সঞ্চিতি রাখতে হবে। iii) ক্রয় ও বিক্রয়ের মধ্যে ১৫% ভ্যাট অন্তর্ভুক্ত আছে। iv) ধারে বিক্রয় ৫,০০০ টাকা এখনও হিসাবভুক্ত হয়নি। v) মেশিন সংস্থাপন ব্যয় ৪,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত আছে। বকেয়া মজুরি ৬,০০০ টাকা।

ক) অনাদায়ী পাওনা সঞ্চিতি এবং অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশ র্নিণয় কর।

খ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য মোট লাভ বা ক্ষতি নির্ণয় কর।

গ) ২০১৬ সালের রক্ষিত আয়ের উদ্বৃত্ত ১,০৮,০৮৩ টাকা হলে উক্ত বছরের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণীতে শেয়ারহোল্ডারদের স্বত্ব ও দায়ের পরিমাণ কত?

**উত্তর :** (ক) ৭,৭০০ টাকা ও ৫,০০০ টাকা। (খ) মোটলাভ ৩১,৬০৮ টাকা। (গ) ৩,১৮,৪৭৫ টাকা।

Teachingbd.com

## খ- বিভাগ

৩। শারমিন নার্সিং হোম এর সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্তি ও প্রদান বিবরণী হিসাব নিম্নরূপঃ

প্রাপ্তি ও প্রদান হিসাব

৩১ ডিসেম্বর, ২০১৬ সমাপ্ত বছরের জন্য

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ উদ্বৃত্ত | ৬০,৪৫০ | ঔষধ ক্রয় | ১,০০,০০০ |
| ঔষধ বিক্রয় | ১,০৯,০০০ | বেতন | ২,১৯,০০০ |
| ক্যান্টিন হতে আয় | ১৬,৮০০ | রোগীর খাদ্য সামগ্রী ক্রয় | ৪২,১০০ |
| খামার হতে আয় | ১,৩৬,০০০ | মেরামত খরচ | ১৮,৯০০ |
| অনুদান | ১,২০,০০০ | ক্যান্টিনের খাদ্য ক্রয় | ৩৪,০০০ |
| বিনিয়োগের সুদ | ৮০,০০০ | খামার খরচ | ৫০,০০০ |
| ভাড়া প্রাপ্তি | ২,২০,০০০ | আসবাবপত্র ক্রয়(১.৪.২০১৬) | ২০,০০০ |
| | | চিকিৎসা যন্ত্রপাতি ক্রয় (১.৬.২০১৬) | ৪০,০০০ |
| | | নগদ উদ্বৃত্ত | ২,১৮,২৫০ |
| | ৭,৪২,২৫০ | | ৭,৪২,২৫০ |

**২০১৬ সালের ১ জানুয়ারি নার্সিং হোমের সম্পত্তি ছিল :** চিকিৎসা যন্ত্রপাতি ২,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,২০,০০০ টাকা ,জমি ও দালান কোঠা ৬,০০,০০০ টাকা, ১০% বিনিয়োগ ৫,০০,০০০ টাকা, মনিহারি ১০,০০০ টাকা।

**অন্যান্য তথ্যাবলি :** i) ঔষধের প্রারম্ভিক ও সমাপনি উদ্বৃত্ত ছিল যথাক্রমে ১০,০০০ টাকা ও ১৫,০০০ টাকা। ii) প্রাপ্ত ভাড়ার মধ্যে বিগত সালের ভাড়া রয়েছে ২,০০০ টাকা পক্ষান্তরে চলতি সালের ভাড়া বকেয়া রয়েছে ৩,০০০ টাকা। iii) অনুদানের ৭৫% মুনাফা জাতীয় iv) চিকিৎসা যন্ত্রপাতি ও আসবাবপত্রের উপর অবচয় ধার্য্য করতে হবে যথাক্রমে ১০% ও ১৫%।

ক) প্রারম্ভিক মূলধন তহবিল র্নিণয় কর।

খ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের আয় ব্যয় হিসারে মোট ব্যয়ের পরিমাণ কত?

http://teachingbd.com

**উত্তর :** (ক) ১৫,০২,৪৫০ টাকা। (খ) ৫,১১,৫৮৩ টাকা। (গ) ১৬,৭৩,৬৬৭ টাকা।

৪। পারি, পৃথু ও আদিব একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-ক্ষতি ২ ঃ ১ ঃ ১ অনুপাতে বন্টন করে নেয়। ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ১,৫০,০০০ টাকা, ১,০০,০০০ টাকা এবং ১,২৫,০০০ টাকা। চুক্তি অনুসারে অংশীদারগণের মূলধন ও উত্তোলনের উপর যথাক্রমে ১০% ও ৫% হারে সুদ ধার্য করতে হবে। আদিব সার্বক্ষনিক দায়িত্ব পালনের জন্য প্রতি মাসে ২,০০০ টাকা করে বেতন পাবে। অংশীদারগণ বছরের মাঝামাঝি সময়ে যথাক্রমে নগদ উত্তোলন করেন ১৫,০০০ টাকা, ২০,০০০ টাকা ও ২৪,০০০ টাকা। নগদ উত্তোলন ছাড়াও পারি ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। পৃথু আগস্ট মাসের ১ তারিখে ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন হিসাবে কারবারে আনয়ন করে।

উপরোক্ত সমন্বয়গুলো বিবেচনার পূর্বে কারবারের নিট মুনাফা হয় ২,৫০,০০০ টাকা।

ক) অংশীদারদের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর।
খ) লাভ-লোকসান আবন্টন হিসাব তৈরি কর।
গ) অংশীদারদের মূলধন হিসাব তৈরি কর।

**উত্তর :** (ক) ৬৪,০০০ (খ) মুনাফার অংশ ৯৭,০৭১; ও ৪৮,৫৩৬; ৪৮,৫৩৫ টাকা (গ) ২,৪১,৬৯৬; ১,৫৮,৮৬৯ ও ১,৮৫,৪৩৫

৫। নাসির এন্ড কোং এর ২০১৬ সালের নিম্নলিখিত তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলঃ

| | |
|---|---|
| নিট মুনাফা | টাকা ৫,০০,০০০ |
| অবচয় | ৪০,০০০ |
| সুনামের অবলোপন | ২০,০০০ |
| বিবিধ দেনাদার হ্রাস | ৪০,০০০ |
| মজুদ পণ্য বৃদ্ধি | ৬০,০০০ |
| বিবিধ পাওনাদার বৃদ্ধি | ৩০,০০০ |
| আসবাবপত্র বিক্রয় | ৮০,০০০ |
| আসবাবপত্র ক্রয় | ১,০০,০০০ |
| ভূমি ক্রয় | ১,৬০,০০০ |
| লভ্যাংশ প্রদান | ৪০,০০০ |
| বন্ধকী ঋণ পরিশোধ | ৬০,০০০ |
| বন্ডকে শেয়ারে রূপান্তর | ৮০,০০০ |
| শেয়ারের বিনিময়ে দালান কোঠা ক্রয় | ১,৪০,০০০ |
| নগদ উদ্বৃত্ত (৩১.১২.২০১৬) | ১,০০,০০ |

ক) নগদ প্রবাহে অন্তর্ভুক্ত হবে না এমন অনগদ কার্যক্রমের টাকার পরিমাণ নির্ণয় কর।
খ) পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় কর।
গ) অর্থায়ন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ নির্ণয় কর।

**উত্তর :** (ক) ২,২০,০০০ টাকা। (খ) ৫,৭০,০০০ টাকা। (গ) বহিঃ প্রবাহ ১,০০,০০০ টাকা।

৬। জনাব কামাল ও জনাব জামালের ব্যবসায়ের ২০১৬ সালের হিসাব বই হতে নিম্নলিখিত তথ্যগুলো প্রদত্ত হল :

| বিবরণ | কামাল ট্রেডার্স টাকা | জামাল ট্রেডার্স টাকা |
|---|---|---|
| সুনাম | ১২,০০,০০০ | ১৪,০০,০০০ |
| নিট মুনাফা | ৬,৪০,০০০ | ৪,৮০,০০০ |
| বিবিধ পাওনাদার | ৪,৮০,০০০ | ৩,২০,০০০ |
| বিবিধ দেনাদার | ১,২০,০০০ | ১,৬০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১,৬০,০০০ | ৪,৮০,০০০ |
| নিট বিক্রয় | ৪০,০০,০০০ | ৩২,০০,০০০ |
| বিনিয়োজিত মূলধন | ৪৮,০০,০০০ | ৬৪,০০,০০০ |
| নগদ ও ব্যাংক জমা | ৮,৪০,০০০ | ১১,৮৪,০০০ |
| মজুদ পণ্য | ৮০,০০০ | ৯৬,০০০ |

ক) কামাল ট্রেডার্স এর চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর।
খ) কামাল ও জামাল ট্রেডার্স এর চলতি অনুপাত নির্ণয় কর।
গ) দুইটি প্রতিষ্ঠানের নিট লাভ অনুপাত নির্ণয়পূর্বক কোন প্রতিষ্ঠানটি অধিক লাভজনক তা ব্যাখ্যা কর।

**উত্তর :** (ক) ১০,৪০,০০০ টাকা। (খ) কামাল ১.৬৩ ঃ ১ ও জামাল ১.৮ ঃ ১। (গ) কামাল ট্রেডার্স অধিক লাভজনক।

http://teachingbd.com

৭। ঈশিতা লিঃ ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে উৎপাদন ব্যয় সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| | | | |
|---|---|---|---|
| কাঁচামালের ব্যবহার | ১১,০০,০০০ টাকা | প্রত্যক্ষ মজুরি | ৮,০০,০০০ টাকা |
| কারখানা উপরিব্যয় | ৪,০০,০০০ টাকা | প্রশাসনিক উপরিব্যয় | ৩,০০,০০০ টাকা |

ক) উপরোক্ত তথ্য হতে প্রত্যক্ষ মজুরির উপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার নির্ণয় কর।

খ) একটি উৎপাদন ব্যয় বিবরণী তৈরি কর এবং কারখানা ব্যয়ের উপর প্রশাসনিক উপরিব্যয়ের শতকরা হার নির্ণয় কর

গ) একটি টেন্ডার মূল্য নির্ণয় কর যদি কাঁচামাল ও মজুরি ব্যয় যথাক্রমে ৮০,০০০ টাকা ও ৬০,০০০ টাকা হয় এবং বিক্রয়মূল্যের উপর লাভ ২০% হয়।

**উত্তর :** (ক) ৫০% (খ) মোট ব্যয় ২৬,০০,০০০ টাকা ও ১৩.০৫%। দরপত্র মূল্য ২,৪০,২১০ টাকা।

৮। রতন এন্ড কোং এর কারখানায় ২০১৬ সালের জানুয়ারি মাসের কাঁচামালের আগমন ও নির্গমন নিম্নরূপ :

| তারিখ | | বিবরণ | একক | দাম |
|---|---|---|---|---|
| জানুয়ারি | ১ | জের | ১,০০০ | ৮০ |
| " | ৬ | ক্রয় | ৬০০ | ৭০ |
| " | ১০ | ইস্যু | ৮০০ | - |
| " | ১৬ | ক্রয় | ৪০০ | ৭৫ |
| " | ২০ | ইস্যু | ৯০০ | - |
| " | ৩০ | ইস্যু | ১০০ | - |

ক) মোট ক্রয়ের পারিমাণ নির্ণয় কর।

খ) LIFO পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর।

গ) FIFO পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর।

**উত্তর :** (ক) ৭২,০০০ টাকা। (খ) মজুদ ২০০ একক ও মূল্য ১৬,০০০ টাকা। (গ) মজুদ ২০০ একক ও মূল্য ১৫,০০০ টাকা।

৯। শামীম এন্টারপ্রাইজের নিম্নলিখিত তথ্যাবলি প্রদত্ত হল :

বিক্রয় ৩০,০০০ একক, একক প্রতি বিক্রয় মুল্য ২০ টাকা, পরিবর্তনশীল ব্যয় বিক্রয়ের ৭৫%। এবং স্থির ব্যয় ৩০,০০০ টাকা।

ক) পরিবর্তনশীল ব্যয়ের পরিমাণ কত ?

খ) সমচ্ছেদ বিক্রয় এবং নিরাপত্তা প্রান্তের পরিমাণ কত ?

গ) ৬০,০০০ টাকা মুনাফা করতে চাইলে কোম্পানিকে কত একক বিক্রয় করতে হবে ?

**উত্তর :** (ক) ৪,৫০,০০০ টাকা। (খ) ১,২০,০০০ টাকা ও ৪,৮০,০০০ টাকা। (গ) ১৮,০০০ একক।

১০। জনসন কোং লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ সাধারণ শেয়ার নিয়ে গঠিত হয়। কোম্পানি ২,০০,০০০ শেয়ার ২ টাকা অধিহারে বিক্রয়ের জন্য বিজ্ঞাপন প্রচার করে। ১.২.২০১৬ তারিখে ১২,০০,০০০ টাকা মূল্যের একটি দালান ক্রয় করে এর মূল্য বাবদ ১,০০,০০০ শেয়ার ইস্যু করে। ১২.২.২০১৬ তারিখে অবশিষ্ট শেয়ারগুলোর জন্য ১,২০,০০০ শেয়ার আবেদনপত্র পেল এবং শেয়ারগুলো যথারীতি বন্টিত হল। ১৭.২.২০১৬ তারিখে অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হল।

ক) দালান ক্রয় বাবদ অধিহারের পরিমাণ নির্ণয় কর।

খ) কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাও।

গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর।

**উত্তর :** (ক) ২,০০,০০০ টাকা। (খ) জাবেদার যোগফল ৪০,৮০,০০০ টাকা। (গ) ২৪,০০,০০০ টাকা।

১১. ২০১৬ সালের জুলাই মাসে ঢাকা সিটি কলেজের হিসাববিজ্ঞান বিভাগের শিক্ষকদের তথ্যাবলি নিম্নরূপ :

প্রভাষক ৪ জন, প্রত্যেকের মাসিক মূল বেতন ১৮,০০০ টাকা। সহকারী অধ্যাপক ৩ জন, প্রত্যেকের মাসিক মূল বেতন ৩৫,০০০ টাকা। সহযোগী অধ্যাপক ৩২ জন, প্রত্যেকের মাসিক মূল বেতন ৪৫,০০০ টাকা। তারা সবাই বাড়িভাড়া মূল বেতনের ৫০%, চিকিৎসা ভাতা মাসিক ৫০০ টাকা এবং মহার্ঘ ভাতা মূল বেতনের ২০% পায়। তাদের প্রভিডেন্ট ফান্ডে মূল বেতনের ১০% এবং টিফিন ভাতা প্রতি মাসে ২০০ টাকা কর্তন করা হয়।

ক) ৩ জন সহকারী অধ্যাপক এবং ২ জন সহযোগী অধ্যাপকের মোট মূল বেতন কত ?

খ) কর্মচারিদের উক্ত মাসে মোট উপার্জন দেখাও।

গ) কর্মচারিদের উক্ত মাসে মোট কর্তন দেখাও।

**উত্তর :** (ক) ১,৯৫,০০০ টাকা। (খ) ৪,৫৮,৪০০ টাকা। (গ) ২৮,৫০০ টাকা।

teachingbd.com

http://teachingbd.com

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

সময় ঃ ৩০ মিনিট

বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১। অব্যবসায়ী প্রতিষ্ঠানের নগদ অবসাথা জানা যায় কোন হিসাবের মাধ্যমে-
(ক) আয়-ব্যয় হিসাব (খ) প্রাপ্তি-প্রদান হিসাব (গ) মূলধন হিসাব (ঘ) উদ্বর্তপত্র

২। পরবর্তী বছরের চাঁদা চলতি বছরে পাওয়া গেলে অব্যবসায়ী প্রতিষ্ঠানের কাছে কি হিসাবের বিবেচিত হয় ?
(ক) আয় (খ) ব্যয় (গ) সম্পদ (ঘ) দায়

৩। চলতি বছরে প্রাপ্ত চাঁদা ২০,০০০ টাকা যার মধ্যে বিগত বছরের ২,০০০ টাকা এবং পরবর্তী বছরের ৩,০০০ টাকা অন্তর্ভূক্ত অছে। এছাড়া চলতি বছরে চাঁদা ৪,০০০ টাকা বকেয়া আছে। চলতি বছরের আয়-ব্যয় হিসাবে চাঁদা আয় কত টাকা দেখানো হবে ?
(ক) ২১,০০০ টাকা (খ) ১৯,০০০ টাকা (গ) ১৮,০০০ টাকা (ঘ) ১১,০০০ টাকা

**নিচের উদ্দীপকটি পড় ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**

রহিম, করিম ও রফিক একটি ব্যবসায়ের তিনজন অংশীদার। ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৫০,০০০ টাকা; ৬০,০০০ টাকা এবং ৭৫,০০০ টাকা। রহিম সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য বছরে ১৫,০০০ টাকা বেতন পাবে। তারা মূলধন ও উত্তোলনের উপর ৫% সুদ ধার্য করে। প্রত্যেক অংশীদার বছরে ১০,০০০ টাকা করে উত্তোলন করে। বছর শেষে কারবারের নিট মুনাফা ৬০,০০০ টাকা।

৪। রফিকের উত্তোলনের সুদ কত ?
(ক) ১০,০০০ টাকা (খ) ৫,০০০ টাকা (গ) ৫০০ টাকা (ঘ) ২৫০ টাকা

৫। ২০১৬ সালে কারবারে বন্টযোগ্য মুনাফা কত হবে ?
(ক) ৬০,০০০ টাকা (খ) ৪৫,০০০ টাকা (গ) ৩৬,৫০০ টাকা (ঘ) ৩৫,৭৫০ টাকা

৬। নগদ প্রবাহ বিবরণীতে কয়টি কার্যাবলি থেকে অর্থের আগমন ও নির্গমন ঘটে ?
(ক) ৪টি (খ) ৩টি (গ) ২টি (ঘ) ১টি

৭। নিচের কোন দফাটি নগদ প্রবাহ বিবরণীর বিনিয়োগ কার্যক্রমের অন্তর্ভূক্ত ?
(ক) লভ্যাংশ প্রদান (খ) মনিহারি ক্রয় (গ) আসবাবপত্র ক্রয় (ঘ) ঋণ গ্রহণ

৮। পরিচালন কার্যক্রমে নগদ প্রবাহ বিবরণীতে নিচের কোনটি অন্তর্ভূক্ত হয়না ?
(ক) অবচয় (খ) চলতি দায় হ্রাস (গ) চলতি সম্পদ হ্রাস (ঘ) শেয়ার ইস্যু

৯। অগ্রাধিকার শেয়ারের বৈশিষ্ট্য হল–
(i) শেয়ারহোল্ডারদের ভোটাধিকার ভোগ (ii) শেয়ারহোল্ডারদের নির্দিষ্ট হারে লভ্যাংশ ভোগ
(iii) শেয়ারহোল্ডারদের মূলধন ফেরত প্রাপ্তিতে অগ্রাধিকার ভোগ **নিচের কোনটি সঠিক ?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০। স্টার কোম্পানির অনুমোদিত মূলধন ১০ টাকা মূল্যে ২০,০০০ শেয়ার। ইস্যুকৃত মূলধনের পরিমাণ ৯০% এবং বিলিকৃত মূলধনের পরিমাণ ইস্যুকৃত মূলধনের ৭০% হলে বিলিকৃত মূলধনের পরিমাণ কত ?
(ক) ২,০০,০০০ টাকা (খ) ১,৮০,০০০ টাকা (গ) ১,৪০,০০০ টাকা (ঘ) ১,২৬,০০০ টাকা

১১। কোম্পানি প্রথমে যে শেয়ার বিক্রি করে তাকে কি বলে ?
(ক) প্রাথমিক শেয়ার (খ) মাধ্যমিক শেয়ার (গ) অগ্রাধিকার শেয়ার (ঘ) অধিকার শেয়ার

১২। কোনটি চলতি দায় ?
(ক) অগ্রিম আয় (খ) অগ্রিম খরচ (গ) মূলধন (ঘ) বন্ধকী ঋণ

১৩। যদি বিক্রিত পণ্যের ব্যয় ১,৮০,০০০ টাকা এবয় বিক্রয়ের উপর মোট লাভের হার ২০% হয় তবে মোট মুনাফার পরিমাণ কত?
(ক) ২০,০০০ টাকা (খ) ৩৬,০০০ টাকা (গ) ৪৫,০০০ টাকা (ঘ) ১,৮০,০০০ টাকা

১৪। মুনাফাবিহীন বিক্রয় ২৫,০০০ টাকা আয় বিবরণীতে দেখাতে হয়–
(i) ক্রয় হতে বাদ (ii) বিক্রয় হতে বাদ (iii) সমাপনি মজুদ পণ্য হতে বাদ **নিচের কোনটি সঠিক ?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫। নিচের কোনটি সচ্ছলতার অনুপাত ?
(ক) চলতি অনুপাত (খ) মোট লাভ অনুপাত (গ) দায়-মালিকানা অনুপাত (ঘ) পরিচালন অনুপাত

Teachingbd.com

**নিচের উদ্দীপকটি পড় ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**

রহমান ট্রেডার্সের নগদ তহবিল ১০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা, প্রদেয় হিসাব ২০,০০০ টাকা, অগ্রিম প্রদত্ত খরচ ৫,০০০ টাকা, বকেয়া খরচ ২,৫০০ টাকা, প্রাপ্য আয় ৪,০০০ টাকা, প্রদেয় নোট ১০,০০০ টাকা, প্রাপ্য নোট ৫,০০০ টাকা এবং মজুদ পণ্য ১৫,০০০ টাকা।

১৬। মি. রহমানের চলতি অনুপাত ?
(ক) ২.১২ : ১ (খ) ২ : ১ (গ) ১.৫ : ১ (ঘ) ১.২ : ১

১৭। চলতি মূলধন কত টাকা ?
(ক) ৩৬,৫০০ টাকা (খ) ৩৯,০০০ টাকা (গ) ৭১,৫০০ টাকা (ঘ) ১,০৪,০০০ টাকা

১৮। কোনটি মুখ্য ব্যয়ের অন্তর্ভুক্ত ?
(ক) ভাড়া প্রদান (খ) পরোক্ষ মজুরি (গ) প্রত্যক্ষ মজুরি (ঘ) পরোক্ষ মাল

১৯। নিচের কোনটি সঠিক ?
(ক) মুখ্য ব্যয় + প্রশাসনিক উপরিব্যয় = কারখানা ব্যয়
(খ) উৎপাদান ব্যয় + প্রশাসনিক উপরিব্যয় = মোট ব্যয়
(গ) মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয় = কারখানা ব্যয়
(ঘ) কারখানা ব্যয় + বিক্রয় উপরিব্যয় = উৎপাদান ব্যয়

২০। পরোক্ষ কাঁচামাল, পরোক্ষ মজুরি, কারখানার বিদ্যুৎ ব্যয় ও বিক্রয় বিলি খরচ হল–
(i) বিক্রয় উপরিব্যয় (ii) কারখানা উপরিব্যয় (iii) মোট উপরিব্যয় **নিচের কোনটি সঠিক ?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১। মাল খতিয়ান হতে জানা যায়–
(i) প্রাপ্ত মালের পরিমাণ, দর ও মূল্য (ii) উদ্বৃত্ত মালের পরিমাণ, দর ও মূল্য (iii) ইস্যুকৃত মালের পরিমাণ, দর ও মূল্য
**নিচের কোনটি সঠিক ?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২। বিক্রয় ২,৫০,০০০ টাকা। ক্রিয়ের উপর মুনাফা ২৫%। ক্রয় ২,০০,০০০ টাকা। প্রারম্ভিক মজুদ ২০,০০০ টাকা হলে সমাপনি মজুদ পণ্যের মূল্য কত ?
(ক) ৭০,০০০ টাকা (খ) ৬২,৫০০ টাকা (গ) ৪২,৫০০ টাকা (ঘ) ৩২,৫০০ টাকা

২৩। আচারণের ভিত্তিতে ব্যয় কত প্রকার ?
(ক) ২ প্রকার (খ) ৩ প্রকার (গ) ৪ প্রকার (ঘ) ৫ প্রকার

**নিচের উদ্দীপকটি পড় ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**

একক প্রতি বিক্রয় মূল্য ও পরিবর্তনশীল খরচ ১০০ টাকা ও ৮০ টাকা এবং স্থায়ী খরচ ২,০০,০০০ টাকা।

২৪। সমচ্ছেদ বিক্রয় কত একক ?
(ক) ১,০০০ একক (খ) ১০,০০০ একক (গ) ১১,০০০ একক (ঘ) ১,১০,০০০ একক

২৫। যদি মুনাফা ৫০,০০০ টাকা করতে হয় তবে কত টাকার পণ্য বিক্রয় করতে হবে ?
(ক) ১,২৫,০০০ টাকা (খ) ২,১৫,০০০ টাকা (গ) ১২,৫০,০০০ টাকা (ঘ) ১৫,২০,০০০ টাকা

২৬। পরিবর্তশীল মূলধন পদ্ধতিতে তৈরি করতে হয়–
(i) লাভ-লোকসান আবন্টন হিসাব (ii) অংশীদারদের মূলধন হিসাব (iii) অংশীদারদের চলতি হিসাব **নিচের কোনটি সঠিক ?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৭। আর্থিক বিবরণী সাধারণত বছরে কত বার তৈরি করা হয় ?
(ক) ১ বার (খ) ২ বার (গ) ৩ বার (ঘ) ৪ বার

২৮। কোনটি অস্পর্শনীয় সম্পদ নয় ?
(ক) সুনাম (খ) প্যাটেন্ট (গ) বিনিয়োগ (ঘ) ট্রেডমার্ক

২৯। পাবলিক লিমিটেড কোম্পানির ন্যূনতম সদস্য কত ?
(ক) ২ জন (খ) ৫ জন (গ) ৭ জন (ঘ) ১০ জন

৩০। যে ব্যয় কারখানার পণ্য উৎপাদনের সাথে জড়িত থাকে তাকে কি বলে ?
(ক) সুযোগ ব্যয় (খ) উৎপাদন ব্যয় (গ) কালীন ব্যয় (ঘ) অপ্রাসঙ্গিক ব্যয়

**উত্তরপত্র**

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১। খ | ২। ঘ | ৩। খ | ৪। ঘ | ৫। গ | ৬। খ | ৭। গ | ৮। ঘ | ৯। গ | ১০। ঘ | ১১। ক | ১২। ক | ১৩। গ | ১৪। খ | ১৫। ক |
| ১৬। ক | ১৭। ক | ১৮। গ | ১৯। গ | ২০। ক | ২১। ঘ | ২২। ঘ | ২৩। খ | ২৪। খ | ২৫। গ | ২৬। খ | ২৭। ক | ২৮। গ | ২৯। গ | ৩০। খ |

http://teachingbd.com